19

দৈনিক বাংলা

তারিখ 28 JAN 1996
পৃষ্ঠা ১২ কলাম ৩

# দক্ষ জনশক্তি বৃদ্ধির লক্ষ্যে ৬১ জেলায় এসএসসি ভোকেশনাল পাঠ্যক্রম চালু

হেমায়েত উদ্দিন হিমু ঃ ঝালকাঠি।– দেশে শিল্প কারখানায় উৎপাদন বৃদ্ধি এবং বিদেশে দক্ষ জনশক্তি রফতানী বৃদ্ধির জন্য দেশে সাধারণ শিক্ষা ও কারিগরি শিক্ষা সমন্বয়ে এসএসসি (ভোকেশনাল) নামে ১টি শিক্ষাক্রম প্রবর্তন করা হয়েছে।

কারিগরি শিক্ষা অধিদফতরের ভোকেশনাল বিভাগ এই শিক্ষাক্রমের উদ্যোক্তা। এর মূল লক্ষ্য হচ্ছে– শিক্ষিত দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে দেশে বেকারত্ব লাঘব এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন।

এই লক্ষ্য বাস্তবায়নের জন্য চলতি শিক্ষাবর্ষে নোয়াখালী, বান্দরবন ও খাগড়াছড়ি বাদে দেশের বাকী ৬১টি জেলার ১১৪টি বেসরকারী হাইস্কুলে এই শিক্ষাক্রম চালু করা হয়েছে। এর মধ্যে শুধু মেয়েদের স্কুল রয়েছে ৫৫টি। এসব স্কুলে এবারে ২ হাজার ৫শ ৬০ জন ছাত্র এবং ১ হাজার ৭শ ৪০ জন ছাত্রী ভর্তি করা হবে।

বিভিন্ন বিভাগের মধ্যে বরিশালের ৬টি জেলার ১২টি স্কুলে, খুলনার ১০টি জেলার ১৮টি স্কুলে, ঢাকার ১৭টি জেলার ৩২টি স্কুলে, সিলেটের ৪টি জেলার ৯টি স্কুলে, রাজশাহীর ১৬টি জেলার ২৮টি স্কুলে এবং চট্টগ্রামের ৮টি জেলার ১৫টি স্কুলে এই শিক্ষাক্রম চালু করা হয়েছে।

এবারে ৫টি ট্রেডে ছাত্র–ছাত্রী ভর্তি করা হবে। ট্রেডগুলো হলো ঃ জেনারেল মেইনটেনেন্স, এগ্রোফুড, ড্রেস মেকিং ও টেইলারিং, ফুড প্রসেসিং এবং বিল্ডিং মেইনটেনেন্স। স্কুল হতে ৮ম শ্রেণী এবং মাদ্রাসা হতে জুনিয়র দাখিল পাস ছাত্র–ছাত্রী, যাদের বয়স ১৯৯৬ সনের ১ জানুয়ারী ১৮ বছরের নীচে তারা এই শিক্ষাক্রমের আওতায় নবম শ্রেণীতে ভর্তি হবার সুযোগ পাবে। এসএসসি পাসের পর এসব ছাত্র–ছাত্রী উচ্চ শিক্ষা নিতে পারবে। আবার ইচ্ছা করলে তারা কর্মক্ষেত্রেও প্রবেশ করতে পারবে।